

কলকাতা, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

লিপি

আর্থিক

*



www.facebook.com/arthiklipiepaper, www.lpidigital.in

Kolkata Office : Ph : 033 2227 4526/47148

Fax : 033 2227 5765, E-mail : lpinews4@gmail.com

১০ পাতা

জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে বর্ষবরণে নোপানি হাই

স্টাফ রিপোর্টার : ১৩ই এপ্রিল বাংলা সংস্কৃতির প্রাণকেন্দ্র জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে পালিত হল বাংলা বর্ষবরণের একটি মনোজ্ঞ অনুষ্ঠান। আয়োজক-উত্তর কলকাতার অন্যতম পরিচিত শিক্ষা প্রতিষ্ঠান নোপানি হাই।

এদিন সকাল ১০টা নাগাদ ঠাকুরবাড়ির আঙিনায় নোপানি হাই স্কুলের ছাত্রছাত্রীরা আলপনা দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করে। তারপর ছাত্রছাত্রীদের সংক্ষিপ্ত সঙ্গীতানুষ্ঠানের মাধ্যমে বর্ষবরণ তথা পশ্চিমবঙ্গ রাজ্য-উৎসব পালিত হয়। চলতি বছর থেকেই পয়লা



বৈশাখ দিনটিকে পশ্চিমবঙ্গ সরকার 'বাংলা দিবস' বা 'পশ্চিমবঙ্গ দিবস' হিসেবে ঘোষণা করেছে। সেইসঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'বাংলার মাটি, বাংলার জল' গানটিকে ঘোষণা করা হয়েছে 'রাজ্য সংগীত' হিসেবে। এই গানটিই নোপানি হাই-এর ছাত্রছাত্রীরা আন্তরিকতার সঙ্গে পরিবেশন করে। সবশেষে স্কুলের অধ্যক্ষ শ্রী দিবোন্দু সেনশর্মা মহাশয় রবীন্দ্রনাথের আবক্ষ মূর্তিতে মালাদান করে ও সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে অনুষ্ঠান সমাপ্ত করেন।